দৈনিক ইনকিলাব

তারিখ 30 MAY 1997
পৃষ্ঠা ৩ কলাম ৪

71

রাজশাহী বিশ্বঃ শিক্ষক সমিতি

## ধর্মঘটের মেয়াদ ৮ জুন পর্যন্ত বর্ধিত

রাঃ বিঃ রিপোর্টার ঃ বিশ্ববিদ্যালয় প্রশাসনের অনমনীয় মনোভাবের কারণে নবগঠিত রাজশাহী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ৮ জুন পর্যন্ত ধর্মঘটের সময় বৃদ্ধির কথা ঘোষণা করেছে।

গতকাল সকালে পদার্থ বিজ্ঞান ভবন গ্যালারীতে শিক্ষক সমিতির এক সাধারণ সভা সমিতির সহ-সভাপতি প্রফেসর নজরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক গোলাম রসুলের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করা হয়।

সভায় উদ্বেগ প্রকাশ করে বলা হয়, বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি দিন দিন আরো খারাপের দিকে যাচ্ছে। এখন ক্যাম্পাস দিয়ে সাধারণ মানুষ চলতে ভয় পায়। ক্যাম্পাসে সে ছাত্র-শিক্ষকের পরিবর্তে বিডিআর-পুলিশ আর র‍্যাপিড এ্যাকশন ফোর্সে ভরা। সময়ে-অসময়ে ছাত্র-শিক্ষকদের আবাসস্থলে তল্লাশির নামে হয়রানি করা হচ্ছে।

সভায় ঘূর্ণিঝড়ে নিহতদের প্রতি গভীর শোক এবং তাদের পরিবারের সাহায্যের জন্য একদিনের বেতন প্রদানের সিদ্ধান্ত নেয়া হয়।